

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং- ৪৬.০০.১৩০০.০১৭.৯৯.০০১.১৬ ৮২৭


তারিখ : ৩ আশ্বিন, ১৪২৩
১৮ সেপ্টেম্বর, ২০১৬

বিষয় : মেয়াদ উত্তীর্ণ ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতা প্রদান।

- সূত্র : ১. জেলা প্রশাসকের কার্যালয় চাঁদপুর এর পত্র নং-৪১৩, তারিখঃ ২৭/০৭/২০১৬ খ্রিঃ।
২. ডা. দীপু মনি, এম.পি, মাননীয় সংসদ সদস্য, ২৬২, চাঁদপুর-৩, (সদর-হাইমচর) এর ডিও পত্র নং-৫২, তারিখ : ২৫/০৭/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ নিয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট মামলা ৫৩৯১/২০১৬ চলমান রয়েছে। ফরিদগঞ্জ উপজেলার ফরিদগঞ্জ দক্ষিণ ও পাইকপাড়া (দঃ) ইউনিয়ন কার্যক্রমের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে যথাক্রমে ১৫৯/২০১১ ও ৬৬৪৬/২০১৬ রীট মামলা চলমান রয়েছে এবং মতলব দক্ষিণ উপজেলার খাদেরগাঁও ও নারায়নপুর ইউনিয়ন পরিষদের কার্যক্রমের উপরে যথাক্রমে ৫৩২৪/২০১৬ ও ৮৪৩৩/২০১০ রীট পিটিশন মহামান্য হাইকোর্টে চলমান রয়েছে। এ ছাড়া হাইমচর উপজেলার আলগী দুর্গাপুর (দঃ) ও গাজীপুর ইউনিয়ন পরিষদের ৫৮০৮/২০১৬ এবং ৫৫৬৯/২০১৬ ও ৪৮৬২/২০১৬ নং রীট মামলা মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান রয়েছে।

০২। এমতাবস্থায়, চাঁদপুর জেলার উক্ত ৭টি ইউপির সীমানা ও নির্বাচন নিয়ে উপরোক্ত রীট মামলাসমূহের সর্বশেষ অবস্থা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
চাঁদপুর।

অনুলিপি :

১. ডা. দীপু মনি, এম.পি, মাননীয় সংসদ সদস্য, ২৬২, চাঁদপুর-৩, (সদর-হাইমচর)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।